গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণী
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.nanl.gov.bd

নথি নং- ৪৩.২৫.০০০০.০০৩.২৫.২০২.২২- তারিখ : ১৪ মে ২০২৬ খ্রি.

**বিষয়: বাগেরহাট জেলা ভ্রমণ প্রতিবেদন।**
সূত্র: ৪৩.২৫.০০০০.০০৩.২৫.২০২.২২-১০৮৯ তারিখ: ০৭/০৫/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক ১৮০ দিনের কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত **"রেকর্ড সংগ্রহ সপ্তাহ"** উদযাপনের কর্মসূচি গ্রহণ করা হয়। এ কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে ২৫ বছরের উর্ধ্বের পুরাতন নথিপত্র সংগ্রহ ও সংরক্ষণের লক্ষ্যে অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার, জনাব মোঃ আরিফুর রহমান -এর নেতৃত্বে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল ০৯ মে ২০২৬ তারিখ হতে ১৩ মে ২০২৬ তারিখ পর্যন্ত বাগেরহাট জেলা ভ্রমণ করেন। ভ্রমণ সংক্রান্ত একটি প্রতিবেদন প্রস্তুত করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরণ করা হলো।

(মোঃ আরিফুর রহমান)
সহকারী প্রোগ্রামার

মহাপরিচালক
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা-১২০৭।

# বাগেরহাট জেলা
# ভ্রমণ প্রতিবেদন

তারিখ: ০৯-১৩ মে ২০২৬ খ্রি.

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.nanl.gov.bd

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নির্দেশিত নির্বাচনী ইশতেহার অনুযায়ী আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক ১৮০ দিনের কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত **"রেকর্ড সংগ্রহ সপ্তাহ"** উদযাপনের কর্মসূচি গ্রহণ করা হয়। এ কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে ২৫ বছরের উর্ধ্বের পুরাতন নথিপত্র সংগ্রহ ও সংরক্ষণের লক্ষ্যে অধিদপ্তরের ৪৩.২৫.০০০০.০০৩.২৫.২০২.২২-১০৮৯ তারিখ: ০৭/০৫/২০২৬ খ্রি: এর অফিস আদেশবলে সহকারী প্রোগ্রামার, জনাব মোঃ আরিফুর রহমান -এর নেতৃত্বে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল ০৯-১৩ মে ২০২৬ তারিখে বাগেরহাট জেলা ভ্রমণ করেন।

**প্রতিনিধিদলের অন্যান্য সদস্যগণ হলেন:**


| ক্রমিক | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | জনাব মোঃ নূরুল ইসলাম,<br>জুনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (আরকাইভস) | স্বাক্ষরিত |
| ২ | জনাব বাবু রাজীব গান্ধী, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | স্বাক্ষরিত |
| ৩ | জনাব মোঃ খোকন ভূঞা, ডাটা এন্ট্রি অপারেটর | স্বাক্ষরিত |
| ৪ | জনাব আলীনূর মিয়া, রেকর্ড সর্টার | স্বাক্ষরিত |
| ৫ | জনাব মোঃ আব্দুল কাদের, রেকর্ড সর্টার | স্বাক্ষরিত |
| ৬ | জনাব বিশাল চন্দ্র দাস, অফিস সহায়ক | স্বাক্ষরিত |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.nanl.gov.bd

**এক নজরে বাগেরহাট জেলা ভ্রমণ**

**ভ্রমণের উদ্দেশ্য:** বাংলাদেশ জাতীয় আরকাইভস আইন, ২০২১ অনুযায়ী ২৫ বছরের উর্ধ্বের পুরাতন নথিপত্র সংগ্রহ ও সংরক্ষণের লক্ষ্যে বাগেরহাট জেলা প্রশাসকের কার্যালয়ের রেকর্ডরুম পরিদর্শন।

**ভ্রমণের স্থান:** বাগেরহাট জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।




ভ্রমণের তারিখ: ০৯- ১৩ মে ২০২৬ খ্রি.।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.nanl.gov.bd

## বাগেরহাট জেলা ভ্রমণের স্থিরচিত্র




বাগেরহাট জেলা প্রশাসক জনাব গোলাম মোঃ বাতেন মহোদয়ের সাথে প্রতিনিধিদলের সাক্ষাৎ




বাগেরহাট জেলা প্রশাসকের কার্যালয়ে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের প্রতিনিধিদল



রেকর্ডরুম ও রেকর্ড পরিদর্শনরত আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের প্রতিনিধিদল




রেকর্ডরুম ও রেকর্ড পরিদর্শনরত আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের প্রতিনিধিদল




বাগেরহাট জেলা প্রশাসকের কার্যালয়ের রেকর্ডরুমে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের প্রতিনিধিদল

## বাগেরহাট জেলার বিস্তারিত ভ্রমণ প্রতিবেদন

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক ১৮০ দিনের কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত **"রেকর্ড সংগ্রহ সপ্তাহ"** উদযাপনের কর্মসূচি গ্রহণ করা হয়। এ কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে ২৫ বছরের উর্ধ্বের পুরাতন নথিপত্র সংগ্রহ ও সংরক্ষণের লক্ষ্যে অধিদপ্তরের ৪৩.২৫.০০০০.০০৩.২৫.২০২.২২-১০৮৯ তারিখ: ০৭/০৫/২০২৬ খ্রি: এর অফিস আদেশবলে এই ভ্রমণ।

১০ মে ২০২৬ তারিখ দুপুরে বাগেরহাট জেলা পরিষদের এনডিসি জনাব মির্জা গোলাম সাবুরু মহোদয় কর্তৃক পূর্ব নির্ধারিত সময়ে অধিদপ্তরের প্রতিনিধিদল-এর সাথে সাক্ষাৎ হয় এবং জেলা প্রশাসক মহোদয় এবং অন্যান্য কর্মকর্তাগণ গুরুত্বপূর্ণ কাজে ব্যস্ত থাকায় ঐদিন রেকর্ডরুম পরিদর্শনের অনুমতি পাওয়া যায়নি।

১১ মে ২০২৬ তারিখ সকাল ০৯.০০ টায় জেলা প্রশাসকের কার্যালয়ে গমন করি এবং এনডিসি মহোদয়ের সাথে সাক্ষাৎ করি। সকাল ১০.০০ টায় জেলা প্রশাসক জনাব গোলাম মোঃ বাতেন মহোদয়ের সাথে প্রতিনিধিদলের সাক্ষাৎ হয় এবং উক্ত সময়ে জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। উপস্থিত সকলকে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের উদ্দেশ্য ও কার্যক্রম সম্পর্কে অবহিত করা হয় এবং সকলকে আরকাইভস আইনের কপি ও ব্রুশিয়র প্রদান করা হয়।

জেলা প্রশাসকের অনুমতিক্রমে রেকর্ডরুমে গমন করি এবং রেকর্ডরুমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সহকারি কমিশনার, জনাব মোঃ লতিফুর রহমান -এর সথে সাক্ষাৎ করি। রেকর্ড কিপার জনাব আব্দুস সালাম এবং অন্যান্য কর্মচারিগণ রেকর্ড ও বেকর্ডরুম পরিদর্শনে সহযোগিতা করেন। এখানে রক্ষিত রেকর্ডসমূহ ভালো রয়েছে। রেকর্ড রুমে পর্যাপ্ত আলো, বাতাস রয়েছে। রেকর্ড ভালো রাখার জন্য তারা ন্যাপথলিন ব্যবহার করেন। ভবনটি দোতলা এবং বৃষ্টির পানিতে এক পাশের দেয়াল স্যাতস্যাতে হয়ে গেছে। তবে রেকর্ডের কোন ক্ষতি হয়নি। রেকর্ডরুমে রক্ষিত নথির মধ্যে রয়েছে ভূমি সংক্রান্ত কেস নথি, খতিয়ান, সিএস এবং এস এ নথি, থানা ভিত্তিক মৌজা ম্যাপ, নকশা ম্যাপ, সিআর এবং জিআর মামলা সংক্রান্ত নথি। শাখায় সৃষ্ট প্রশাসনিক নথিগুলো দীর্ঘদিন পর ইহার কার্যকারিতা শেষ হলে মহাফেজখানায় প্রেরণ করা হয়।

এডিসি (সার্বিক) জনাব মেজবাহ উদ্দীন স্যারের সাথে সাক্ষাৎ করলে তিনি জানান ঐতিহাসিক গুরুত্বপূর্ণ তেমন কোন নথি আছে বলে তার জানা নেই। রেকর্ডরুমে দায়িত্বপ্রাপ্তদের নিকট হতে জানতে পারি প্রশাসনিক নথিগুলোর মেয়াদ ২৫ বছর পূর্ণ হয়নি বিধায় তা জাতীয় আরকাইভে স্থানান্তরযোগ্য নয়। রেকর্ডরুমের দায়িত্বপ্রাপ্তগণ জাতীয় আরকাইভসের রেকর্ড সংরক্ষণ কার্যক্রমের প্রশংসা করেন। বাগেরহাট জেলা রেকর্ডরুমে রক্ষিত রেকর্ডের মধ্যে ঐতিহাসিক গুরুত্ব সম্পন্ন ২৫ বছরের পুরনো এবং প্রশাসনিক অপ্রচলিত নথি আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে প্রেরণ ও রেকর্ডের সুরক্ষায় কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ করা হয়।

**<u>সুপারিশ:</u>**

বাগেরহাট জেলা ভ্রমণের আলোকে প্রতিনিধিদল কর্তৃক সুপরিশমালা নিম্নরুপ:

১) রেকর্ডরুম নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা।

২) রেকর্ডরুম আধুনিক ও যুগোপযোগী করে গড়ে তোলা।

৩) পুরাতন নথি ও বই সংরক্ষণে সকলকে সচেতন করা।

৪) রেকর্ডরুমে রক্ষিত সকল নথি তালিকা অনুযায়ী সাজানো।

৫) রেকর্ডরুমে কাঠের আসবাপত্র ব্যবহার না করা।

৬) নতুন রেকর্ডরুম নির্মানে জাতীয় আরকাইভস কর্তৃপক্ষের পরামর্শ গ্রহণ।

৭) রেকর্ড সংরক্ষণে ডিজিটাল পদ্ধতি ব্যবহার করা।

(মোঃ আরিফুর রহমান)
সহকারী প্রোগ্রামার
প্রতিনিধিদলের পক্ষে